



Bangladesh Submarine Cable Company Limited (BSCCL)

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)

(A Public Limited Company under Posts and Telecommunications Division of -MoPT&IT)  
Rahman's Regnum Center (6th, 7th & 8th Floor), 191/1, Tejgaon-Gulshan Link Road, Dhaka-1208.



## নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) এর নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে যোগ্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও সংখ্যা	বেতন-ভাতা	বয়সসীমা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও কর্মস্থল
১	উপ-মহাব্যবস্থাপক (চালনা ও রক্ষণাবেক্ষণ, এসএমডব্লিউ-৪ কক্সবাজার ল্যান্ডিং স্টেশন)  পদের সংখ্যা : ০১ টি	কোম্পানীর বেতন গ্রেড-৩ (সাকুল্যে বেতন ১,৩০,৫০০/- এবং কোম্পানীর অন্যান্য সুবিধাদি)	অনূর্ধ্ব ৫০ বৎসর।	১। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে বি.এসসি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/সিএসই/কম্পিউটার/ টেলিকমিউনিকেশন) এবং ২। এমএসসি/এমএস/এমবিএ। ৩। সংশ্লিষ্ট ক্ষেত্রে ১৬ বৎসরের অভিজ্ঞতা; ৪। টেলিকম/ডাটাকম বিষয়ে অভিজ্ঞতা। সাবমেরিন ক্যাবল সার্ভিস সম্পর্কে অভিজ্ঞতা/জ্ঞানসম্পন্ন প্রার্থীগণ অগ্রগণ্য। ৫। কর্মস্থল: ঝিলংজা, কক্সবাজার। নির্বাচিত প্রার্থীকে কমপক্ষে ৫ বছর বিএসসিসিএল এর ল্যান্ডিং স্টেশনে চাকুরি করতে হবে।

- আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে পদের নাম উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে। আবেদন পত্রের সহিত জীবন বৃত্তান্ত, সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা সনদ এবং অন্যান্য সনদের ছায়ালিপি (প্রযোজ্য ক্ষেত্রে) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়ন পূর্বক আগামী ১৫/১০/২০২০ খ্রি. তারিখ অপরাহ্ন ৫:০০ ঘটিকার মধ্যে উপরোল্লিখিত ঠিকানায় নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন জমা প্রদানের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি জারীর তারিখ পর্যন্ত গণনা করা হবে। বয়স প্রমাণের জন্য এফিডেবিট (Affidavit) গ্রহণযোগ্য নয়। এছাড়া প্রার্থীত পদের নাম খামের উপরে লিপিবদ্ধ করতে হবে।
- আবেদনপত্রের সাথে ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই “বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড” এর অনুকূলে প্রদান করতে হবে।
- সরকারি, আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদন পত্র গ্রহণ/বাতিল, বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- কোম্পানীর ওয়েবসাইট ([www.bscccl.com](http://www.bscccl.com)) হতে Standard CV Format ডাউনলোড করা যাবে।

তারিখ: ১৪/০৯/২০২০ খ্রি.।

স্বাক্ষরিত  
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)  
ফোন : ৮৮৭৯১৯২।